



বছরে ২২ কোটি টাকার শিক্ষার্থী বৃত্তি ও আর্থিক সহায়তা দেয় এনএসইউ

উচ্চশিক্ষার জন্য একজন শিক্ষার্থী কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবেন তা অনেকেই নির্ভর করে কীভাবে শিক্ষা ব্যয় নির্বাহ করবেন তার ওপর। বেশরকারি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য রয়েছে নানা স্কলারশিপ সুবিধা। নর্থ সাউথ ইউনিভার্সিটির শিক্ষার্থীদের আর্থিক সহায়তা ও স্কলারশিপের জন্য রয়েছে ফাইন্যান্সিয়াল এইড অফিস। মেধাবী ও আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থীদের আর্থিক প্রয়োজন মেটাতে কাজ করছে এ অফিস। ১৯৯৩ সাল থেকে এনএসইউর শিক্ষার্থীদের আর্থিক সাহায্য ও স্কলারশিপ দিচ্ছে ফাইন্যান্সিয়াল এইড অফিস। অনুমত ভৌগোলিক অঞ্চলের শিক্ষার্থী, উপজাতি, বিশেষ দক্ষতাসম্পন্ন ও মেধাবী শিক্ষার্থীরা পেয়ে থাকেন নানা আর্থিক সুবিধা। ২০২২ সালে মোট ৪ হাজার ৩৭১ শিক্ষার্থী পেয়েছেন সম্পূর্ণ ও আংশিক আর্থিক সহায়তা। এর মধ্যে ১ হাজার ২৫৪ জন শতভাগ টিউশন মওকুফ, ৪১৫ শিক্ষার্থী ৭৫ শতাংশ, ১ হাজার ৩৭২ শিক্ষার্থী ৫০ শতাংশ এবং ১ হাজার ৩৩০ জন ২৫ শতাংশ টিউশন মওকুফ পেয়েছেন। মুক্তিযোদ্ধা সন্তানরা সম্পূর্ণ বিনামূল্যে পড়াশোনা করছেন। প্রতিষ্ঠান পর থেকে বিশ্ববিদ্যালয়টি অভাবী ও মেধাবী শিক্ষার্থীদের সাহায্যে বৃত্তি হিসেবে প্রায় ৩৩৮ কোটি টাকা অর্থসহায়তা দিয়েছে। এনএসইউর শিক্ষার্থীদের জন্য সাতটি ক্যাটাগরিতে রয়েছে স্কলারশিপ সুবিধা। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের ফল, এনএসইউ ভর্তি পরীক্ষার স্কোর, ভাইবোন একসঙ্গে অধ্যয়ন, প্রত্যন্ত অনুমত অঞ্চলের দরিদ্র অথচ মেধাবী এমন শিক্ষার্থীদের জন্য দেয়া হয় সর্বোচ্চ শতভাগ ওয়েভার। এনএসইউর ভর্তি পরীক্ষায় শীর্ষস্থান অর্জনকারী ১০ শিক্ষার্থী শতভাগ টিউশন ফি ছাড় পেয়ে থাকেন। ভর্তি পরীক্ষায় সন্তোষজনক পারফরম্যান্সসহ মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিকে চতুর্থ বিষয় ব্যতীত জিপিএ ৫ এবং ৪.৮০ প্রাপ্ত

শিক্ষার্থীদের জন্য রয়েছে ২৫ শতাংশ থেকে শতভাগ ওয়েভার। ভর্তি পরীক্ষায় সর্বোচ্চ স্কোর অর্জনকারী যেসব শিক্ষার্থী ব্যবসায় প্রশাসন ও পাবলিক হেলথের স্নাতকোত্তরে ডিগ্রি নেবেন তাদের জন্য রয়েছে ৫০ শতাংশ টিউশন ফি ছাড়। এনএসইউ থেকে যেকোনো বিষয়ে ডিগ্রি এ ৩.৮০ নিয়ে স্নাতক পাস করা শিক্ষার্থীরা যদি স্নাতকোত্তরে ভর্তি হন তাদের জন্য রয়েছে ৫০ শতাংশ টিউশন ফি মওকুফের ব্যবস্থা। সাধারণ শিক্ষার্থীদেরও আর্থিক সহায়তা

পাওয়ার সুযোগ রয়েছে, তবে এ সুবিধা পেতে একজন শিক্ষার্থী স্নাতকে সর্বনিম্ন সিজিপিএ ২.৭৫ নিয়ে ১২ ক্রেডিট এবং স্নাতকোত্তরে ৩.২৫ সিজিপিএ নিয়ে ৯ ক্রেডিট সম্পন্ন করতে হবে। তাহলে স্কলারশিপ সুবিধার জন্য আবেদন করা যাবে। এ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ভাই-বোনদের জন্য ২৫ শতাংশ টিউশন ফি মওকুফ করা হয়। বৃত্তি প্রদানের পরও যেসব শিক্ষার্থী তাদের বাসস্থান ও যাতায়াতসহ অন্যান্য খরচ বহন করতে অক্ষম সেসব শিক্ষার্থীর জন্য রয়েছে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে



প্রতিষ্ঠান পর থেকে
বিশ্ববিদ্যালয়টি অভাবী
ও মেধাবী শিক্ষার্থীদের
সাহায্যে বৃত্তি হিসেবে
প্রায় ৩৩৮ কোটি টাকা
অর্থসহায়তা দিয়েছে

চাকরির সুযোগ। এনএসইউর ফাইন্যান্সিয়াল এইড অফিসের পরিচালক জাফর ইকবাল রাসেল বলেন, 'বিভিন্ন স্কলারশিপ সুবিধাপ্রাপ্ত শিক্ষার্থীদের এ সুবিধা চলমান রাখতে সন্তোষজনক একাডেমিক ফলাফল থাকতে হয়। টিউশন মওকুফ সুবিধা ধরে রাখতে সাধারণত স্নাতক প্রোগ্রামে শিক্ষার্থীদের সর্বনিম্ন সিজিপিএ ২.৭৫ এবং স্নাতকোত্তরে সিজিপিএ ৩.২৫ থাকতে হবে। স্নাতকে ৫০ শতাংশ ও ৭৫ শতাংশ টিউশন ফি মওকুফ পাওয়া শিক্ষার্থীদের সর্বনিম্ন সিজিপিএ ৩.০০ থাকতে হবে। এছাড়া শতভাগ স্কলারশিপপ্রাপ্ত মেধাবী শিক্ষার্থীদের এ বৃত্তি সুবিধা চালু রাখতে সর্বনিম্ন সিজিপিএ ৩.২৫ রাখতে হবে।'